

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য -১ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৬.১০.০০৬.১৭- ২৪২

তারিখঃ ১৭/০৪/২০১৭ খ্রিঃ

ব্যক্তিগত শুনানীর নোটিশ

জনাব মোঃ গোলাম মোস্তফা আকন্দ, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মানিকগঞ্জ ও প্রাক্তন জেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর এর বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের ০১/০৩/২০১৭ তারিখের ১৩৩ নম্বর স্মারকের মাধ্যমে রঞ্জুকৃত ০২/২০১৭ নং বিভাগীয় মামলায় তাঁর প্রদত্ত ২১/০৩/২০১৭ তারিখের লিখিত জবাবের পরিপ্রেক্ষিতে আগামী ২০/০৪/২০১৭ তারিখ বেলা ০২.৩০ ঘটিকায় ব্যক্তিগত শুনানী গ্রহণের সময় নির্ধারণ করা হয়েছে।

এমতাবস্থায়, নির্ধারিত তারিখ ও সময়ে ব্যক্তিগত শুনানীর নিমিত্ত মন্ত্রণালয়ের সচিবের দপ্তরে (বাংলাদেশ সচিবালয়ের ভবন নং-৬, কক্ষ নং-৫০৯) প্রয়োজনীয় কাগজপত্রসহ (যদি থাকে) উপস্থিত হওয়ার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

স্বঃ

হাফছা বেগম

উপসচিব

ফোন নং-৯৫৭৭২৬২

জনাব মোঃ গোলাম মোস্তফা আকন্দ
সিনিয়র সহকারী পরিচালক
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মানিকগঞ্জ।

নং-৩৩.০০.০০০০.১২৬.১০.০০৬.১৭- ২৪২

তারিখঃ ১৭/০৪/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০২। উপসচিব (নিরাপত্তা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আগামী ২০/০৪/২০১৭ তারিখ বিকাল ০২.০০ ঘটিকায় উক্ত কর্মকর্তাকে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধসহ)।
- ০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিরাপত্তা শাখা-১নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অতিঃসচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



হাফছা বেগম

উপসচিব

ফোন নং-৯৫৭৭২৬২